

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd


স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১০৭.২৩/৩৮৫

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩০
৩০ নভেম্বর ২০২৩

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর আওতায় জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্যানবেইস কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর আওতায় ইআআইএনডুজ প্রাথমিকস্তরের সকল প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহের কাজ ইতোমধ্যেই শেষ হয়েছে। গুণগত মান সম্পন্ন তথ্য প্রস্তুতে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো জরিপ পরবর্তী তথ্য যাচাইয়ের মাধ্যমে তথ্যের সঠিকতা নিরূপনের লক্ষ্যে জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) পরিচালনা করা। এ লক্ষ্যে দৈবচয়নের মাধ্যমে বহুস্তর নমুনা পদ্ধতি অনুসরণ করে দেশের মোট ৬৩টি উপজেলা/থানার মোট ৭৫৬টি শিক্ষা প্রতিষ্ঠানের জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহের জন্য ব্যানবেইস কর্তৃক তথ্যসংগ্রহকারী নিয়োগ করা হয়েছে। নিয়োগকৃত তথ্যসংগ্রহকারী সশরীরে প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে রেজিস্ট্রার/রেকর্ড যাচাই করে জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহ করবেন।

২। বর্ণিতাবস্থায় জরিপ ফরম এর শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বর্ণিত ও চাহিত তথ্য প্রদান ও তথ্যসংগ্রহকারীকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


(মোঃ কায়দুর রহমান)
পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৬০৭৫১

E-mail: director@banbeis.gov.bd

১। অধ্যক্ষ,

২। প্রধান শিক্ষক,

৩। সুপারিনটেনডেন্ট,

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- ৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, অঞ্চল;
- ৫। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, অঞ্চল;
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, অঞ্চল;
- ৭। জেলা শিক্ষা অফিসার
- ৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা: জেলা:
- ৯। সহকারী প্রোগ্রামার (ইউআইটিআরসিই), উপজেলা: জেলা:
- ১০। অফিস নথি।